

Embassy of the
People's Republic of Bangladesh
Doha, Qatar



سفارة
جمهورية بنغلاديش الشعبية
الدوحة - قطر

নং ১৯.০১.৯৭৪১.১১০.০০.০১৩.২০

১৩ ডিসেম্বর ২০২২

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর এসএসসি ও এইচ এস সি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) বহিঃবাংলাদেশ (কাতার) স্টাডি সেন্টারের আওতায় এসএসসি ও এইচএসসি কোর্সের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নিম্নলিখিত সময়সূচি ও নির্দেশনা (দূতাবাসের ওয়েবসাইট <https://doha.mofa.gov.bd> এ পাওয়া যাবে) অনুযায়ী অনলাইনে আবেদন করা যাবে।

ভর্তি প্রক্রিয়া	তারিখ
অনলাইনে প্রাথমিক আবেদন	১৫ ডিসেম্বর ২০২২ থেকে ১৫ জানুয়ারি ২০২৩ পর্যন্ত। (ভর্তিচ্ছু শিক্ষার্থীরা বাউবি এর ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং এর ওয়েবসাইটে (www.iapw.bou.ac.bd) যেকোন ব্রাউজার থেকে প্রবেশ করে Admission~apply Now বাটনে ক্লিক করে আবেদন ফর্মটি সঠিকভাবে পূরণ করবেন)।
ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রকাশ	২৫ জানুয়ারি ২০২৩
সেশন ফি জমাদান	২৬ জানুয়ারি ২০২৩ থেকে ২৫ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত সেশন ফি (এসএসসি) ১ম বর্ষঃ ১৪০ ইউ এস ডলার সমপরিমান ৫১২ কাতারি রিয়াল ২য় বর্ষঃ ১৩০ ইউ এস ডলার সমপরিমান ৪৭৬ কাতারি রিয়াল। চতুর্থ বিষয় সহ ১৫০ ইউএস ডলার সমপরিমান ৫৫০ কাতারি রিয়াল সেশন ফি (এইচএসসি) ১ম বর্ষঃ ১৫৫ ইউএস ডলার সমপরিমান ৫৬৭ কাতারি রিয়াল। চতুর্থ বিষয় সহ ১৮০ ইউএস ডলার সমপরিমান ৬৫৮ কাতারি রিয়াল ২য় বর্ষঃ ১৪০ ইউএস ডলার সমপরিমান ৫১২ কাতারি রিয়াল। চতুর্থ বিষয় সহ ১৬৫ ইউএস ডলার সমপরিমান ৬০৩ কাতারি রিয়াল
ওরিয়েন্টেশন ক্লাস	০৩ মার্চ ২০২৩
ক্লাস শুরু	১০ মার্চ ২০২৩

ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীগণ অনলাইনে পূরণকৃত আবেদন ফর্মটি ডাউনলোড করে প্রিন্ট কপি, ওয়েবসাইটে প্রাপ্ত নির্দেশনায় উল্লেখিত কাগজপত্র এবং নির্ধারিত সেশন ফি (২৬ জানুয়ারি ২০২৩ হতে ২৫ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত) দূতাবাসে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।

১ম বর্ষে ভর্তির সময় প্রথম বর্ষের নির্ধারিত ফি এবং ২য় বর্ষে ভর্তির সময় দ্বিতীয় বর্ষের নির্ধারিত ফি জমা প্রদান করতে হবে।

